অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের সহায়তা করার জন্য 10 মিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব ঘোষণা করলেন

ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের জাতীয় জোটের সাথে তিন বছরের চুক্তি সুযোগ সম্প্রসারণ, কর্মক্ষেত্রকে আরো পেশাদার করার জন্য

অংশীদারিত্ব বিকাশগত অক্ষমতা ক্ষেত্রে চলমান কর্মী ঘাটতির সমাধানে সাহায্য করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের বিকাশগত অক্ষমতাসহ মানুষের জন্য অফিস (Office for People With Developmental Disabilities, OPWDD) ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের জাতীয় জোটের (National Alliance for Direct Support Professionals) সাথে একটি 10 মিলিয়ন মার্কিন ডলারের চুক্তিতে প্রবেশ করেছে, যাতে পুরো নিউ ইয়র্ক স্টেটে বিকাশগত অক্ষমতার ক্ষেত্রে ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের (Direct Support Professionals, DSP) পেশাদার ক্রেডেনশিয়াল প্রদানের সুযোগ সম্প্রসারণ করা যায়। তিন বছরের চুক্তিটি ডিরেক্ট সাপোর্ট প্রফেশনাল কর্মক্ষেত্রকে আরো পেশাদার করতে সাহায্য করবে এবং কর্মী ঘাটতির সমাধান করবে।

"কর্মীবাহিনীর ঘাটতি আমাদের নিবেদিত ডিরেক্ট সার্ভিস প্রফেশনালদের জন্য অত্যধিক চাপ সৃষ্টি করছে, এবং এর সাড়াদান করার জন্য নিউ ইয়র্ক অতি গুরুত্বপূর্ণ এই খাতে ক্যারিয়ার অগ্রগতি এবং বিকাশের সুযোগ প্রদান করতে পদক্ষেপ করছে," **গভর্নর হোকল বলেন।** "ক্রেডেনশিয়াল প্রদান করার জন্য এই 10 মিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্বটি প্রশিক্ষণ, শিক্ষা ও সম্প্রসারিত নিয়োগ ও ধরে রাখার প্রচেষ্টাকে সমর্থন করবে, যা বিকাশগত অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীদের চাহিদা পূরণ করার জন্য একটি গুরুত্বপূর্ণ ধাপ।"

জাতীয় জোটের (National Alliance) সাথে OPWDD-র অংশীদারিত্ব তিন পর্যায়ের পেশাদারি ক্রেডেনশিয়াল প্রদানের সুযোগ পরদিন করবে এবং এর ই-ব্যাজ একাডেমিতে (E-Badge Academy) অংশগ্রহণের মাধ্যমে সম্মুখসারির সুপারভাইজার সনদ প্রদান করবে। প্রকল্পটি আমেরিকান উদ্ধার পরিকল্পনা অ্যাক্ট 2021 (American Rescue Plan Act of 2021, ARPA) এর মাধ্যমে OPWDD যে ফেডারেল তহবিল পাচ্ছে তা দ্বারা সমর্থিত হবে।

জাতীয় জোট ক্রেডেনশিয়াল পারদর্শিতাভিত্তিক এবং এটি সেন্টার্স ফর মেডিকেইড (Centers for Medicaid) এবং মেডিকেয়ার সার্ভিসেস ডিরেক্ট সার্ভিস ওয়ার্কফোর্সের মূল পারদর্শিতা (Medicare Services' Direct Service Workforce Core Competencies) ও জাতীয় জোটের এথিক্স কোডের (National Alliance Code of Ethics) মানদণ্ডের ভিত্তিতে তৈরি।

1996 সালে প্রতিষ্ঠিত ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের জাতীয় জোটটির মিশন হলো পণ্য, সেবা, এবং ডিরেক্ট সাপোর্ট কর্মীদের অবস্থা উন্নত করে এমন সনদের বিধানের মাধ্যমে অক্ষমতাসহ ব্যক্তিদের মানসম্পন্ন সমর্থন প্রদান করা। সংগঠনটি বলিষ্ঠভাবে ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের স্বীকৃতি ও পরিচিতির প্রচার করে যাতে করে অর্থপূর্ণ সরকারি পলিসি বিনিয়োগ হতে পারে এবং একইসাথে জ্ঞান, দক্ষতা এবং এই পেশার মূল্য অগ্রসরও করা যায়।

আসন্ন সপ্তাহগুলিতে, জাতীয় জোট যোগ্য বাসা ও সম্প্রদায়ভিত্তিক সেবা প্রদানকারী সংগঠনগুলি যাতে অনুদানে অংশগ্রহণ করতে পারে এবং কর্মীদের জন্য ইব্যাজ একাডেমির আসন দাবি করতে পারে সেই জন্য একই প্রস্তাবনার অনুরোধ প্রকাশ করবে।জাতীয় জোট তিন বছরে চুক্তির সময় প্রায় 2,442 জন ডিরেক্ট সার্ভিস প্রফেশনাল এবং সম্মুখসারির সুপারভাইজারদের ক্রেডেনশিয়াল বা সনদ প্রদান করবে।

প্রকল্পটি অংশগ্রহণকারী ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের বোনাস প্রদান করবে। পাশাপাশি, প্রকল্পটি চাকরিদাতাদের তাদের কর্মীদের গৃহীত প্রশিক্ষণ ঘণ্টাসমূহের জন্য ক্ষতিপূরণ প্রদান করবে।

বিকাশগত অক্ষমতাসহ মানুষের জন্য অফিসের কমিশনার কেরি নেইফেল্ড বলেন, "এই ইন্ডাস্ট্রি-স্বীকৃত ক্রেডেনশিয়াল পাওয়ার সুযোগ বৃদ্ধি করার ফলে আমাদের কর্মীবাহিনীর পারদর্শিতা ও দক্ষতা উন্নত হবে এবং এর পরিণামে এদেরকে ধরে রাখার হার বৃদ্ধি পাবে। এটি আমাদের নিবেদিত সম্মুখসারির কর্মীদেরকে, যারা ভীষণ চাপের মধ্যেও বিকাশগত অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীদের চাহিদা পূরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে, সেই পেশাদারি অগ্রগতি ও ক্যারিয়ার সুযোগ প্রদান করবে যা তাদের প্রাপ্য। এবং, আরো গুরুত্বপূর্ণ হলো এই যে, এটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে হাজার হাজার নিউ ইয়র্কবাসী, যাদের প্রতিদিনের চাহিদা পূরণের জন্য যত্নশীল, দক্ষ ডিরেক্ট সার্ভিস প্রফেশনালদের সেবা প্রয়োজন, তারা তাদের ব্যক্তিগত সেরাটি অর্জন করতে এবং তাদের সর্বোচ্চ সন্তোষজনক জীবনযাপন করতে প্রয়োজনীয় সেবা পেতে পারে।"

প্রতিনিধি ক্যাথলিন রাইস বলেন, "ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালরা অতি গুরুত্বপূর্ণ রোগীর যত্ন প্রদান করে এবং সর্বাধিক দুর্বল নিউ ইয়র্কবাসীদের স্বাধীন, অর্থপূর্ণ জীবনযাপন করতে সাহায্য করে, কিন্তু তারা কদাচিৎ তাদের কাজের গুরুত্বের অনুপাতে বেতন, ভাতা বা প্রশিক্ষণ পেয়ে থাকে। কংগ্রেসে, আমি ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের ভূমিকা সনাক্ত করার অ্যাক্টের (Recognizing the Role of Direct Support Professionals Act) নেতৃত্ব দেই, যাতে ফেডারেল সরকারকে এই কর্মীবাহিনীর চাহিদা বুঝতে ও পূরণ করতে সাহায্য করতে পারি, এবং আমি DSP-দের জন্য ক্যারিয়ার সুযোগ সম্প্রসারণ করতে এবং নিউ ইয়র্কে হোমকেয়ার কর্মীদের ঘাটতি হ্রাস করার জন্য গভর্নর হোকলের পদক্ষেপসমূহের জন্য কৃতজ্ঞ।"

স্টেটের সিনেটর জন ডব্লিউ. ম্যানিয়ন বলেন, "ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের আমাদের সমর্থন প্রয়োজন কারণ কর্মীবাহিনীর সঙ্কট সেবা ও প্রয়োজনীয় যত্ন প্রদানের ক্ষেত্রে ব্যাপক প্রভাব ফেলছে। প্রশিক্ষণ ও ক্রেডেনশিয়াল প্রদান সম্প্রসারণ করা হলে DSP-দের পেশাদারভাবে অগ্রসর হওয়ার সক্ষমতা প্রদান করা হবে এবং একই সাথে সেবা অর্থনীতিতে আরো সহানুভূতিশীল নিউ ইয়র্কবাসীকে নিয়োগ ও ধরে রাখা যাবে। এটি আমাদের অভিভূত এবং অন্যায্য চাপ বহনকারী DSP-দের কিছু স্বস্তি প্রদানের জন্য একটি গুরুত্বপূর্ণ ধাপ। গভর্নর হোকল কর্মীবাহিনীর সঙ্কট সমাধানে একজন অংশীদার হয়ে আছেন এবং আমি এই দীর্ঘদিনের সমস্যার ক্ষেত্রে অতিরিক্ত সমাধান প্রদানে একত্রে কাজ করার জন্য উন্মুখ।"

ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের জাতীয় জোটের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জোসেফ ম্যাকবেথ বলেন, "আমরা OPWDD এবং নিউ ইয়র্ক সেবাদানকারী সম্প্রদায়ের সাথে কাজ করতে পেরে গর্বিত, যাতে প্রায় 2500 ডিরেক্ট সার্ভিস প্রফেশনালদের এবং সম্মুখসারির সুপারভাইজারদের ইব্যাজ একাডেমিতে যাওয়ার সুযোগ দিতে পেরে ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের মূল্য প্রদর্শন করতে পারি। কর্মীবাহিনীর সঙ্কট একটি দীর্ঘদিনের সমস্যা এবং একটি জটিল সমস্যা যার জন্য অনেক দিক দিয়ে হস্তক্ষেপ প্রয়োজন। দক্ষতার প্রদর্শনকে স্বীকৃতিদান করা এবং ভালো কাজ করতে থাকা ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের ও সম্মুখসারির সুপারভাইজারদের আর্থিক প্রণোদনা প্রদান করা একটি পেশা হিসেবে এটিকে স্বীকৃতি দেওয়ার জন্য একটি গুরুত্বপূর্ণ প্রথম ধাপ।"

অন্তর্ভুক্তি ও উদ্ভাবনের নিউ ইয়র্ক জোটের (New York Alliance for Inclusion and Innovation) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মাইকেল সিরাইটার বলেন, "অন্তর্ভুক্তি ও উদ্ভাবনের নিউ ইয়র্ক জোট ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের জাতীয় জোটের প্রশংসা করছে OPWDD-র সাথে কাজ করার জন্য, যাতে ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের জন্য একটি কঠোর ক্রেডেনশিয়াল কর্মসূচি পরিচালনা করতে পারে যা ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদেরকে সনদ অর্জনের মাধ্যমে নিজেদের জ্ঞান, মূল্য, এবং দক্ষতা বৃদ্ধির একটি সুযোগ দেয়। এটি ক্যারিয়ারে উপরে পথ প্রদান করে এবং DSP কর্মক্ষেত্রের ঘাটতি সমাধান করে এবং এর সাথে বুদ্ধিগত ও বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তিদের জন্য DSP-দেরকে মানসম্পন্ন সমর্থন ও সেবা প্রদান অব্যাহত রাখতে সমর্থন করে।"

এই উদ্যোগটি ফেডারেল CMS প্রদত্ত কোভিড-19 ত্রাণ তহবিল ব্যবহার করে OPWDD সেবা ব্যবস্থার মুখ্য দিকসমূহের উন্নতি, উন্নয়ন ও রূপান্তর করার বৃহত্তর প্রচেষ্টার একটি অংশ। এই তহবিলগুলি অভীষ্ট করা হয়েছে OPWDD কর্মসূচিসমূহের ব্যাপক সীমার নির্দিষ্ট কিছু কর্মকাণ্ডের প্রতি এবং অতি গুরুত্বপূর্ণ সমস্যা সমাধানে সময়মত সুযোগ প্রদান করার জন্য।

OPWDD-র সম্পূর্ণ ARPA তহবিলের জন্য এর পরিকল্পনাসমূহ পাওয়া যাবে এখানে: https://opwdd.ny.gov/american-rescue-plan-act-arpa।

###